টেন্ডার সিডিউল

সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র) এর প্রথম ও দ্বিতীয় তলায় সকল আধুনিক সুযোগ সুবিধাসহ ৮টি গেস্টরুম এবং প্রায় ১৪০ আসন বিশিষ্ট সম্পূর্ণ শীততাপ নিয়ন্ত্রিত আধুনিক ফার্নিচার, রেফ্রিজারেটর, ফুড ওয়ারমার, ওয়াটার হিটার, প্রয়োজনীয় Chinaware, Cutlery ও Pantry Service যন্ত্রপাতি সজ্জিত সার্ভিস কক্ষ ও ষ্টোর রুম সহ আধুনিক ক্যাফেটেরিয়া রয়েছে। এছাড়াও ক্যাফেটেরিয়ার খাবার প্রস্তুত করে সরবরাহের জন্য নীচ তলায় সমস্ত রন্ধন সরঞ্জাম সজ্জিত একটি আধুনিক কিচেন রয়েছে। এই ক্যাফেটেরিয়া ও গেস্টরুম চুক্তি ভিত্তিক বাৎসরিক লভ্যাংশের (নূন্যতম ৫০%) প্রদানের ভিত্তিতে ক্যাটারিং সার্ভিস প্রদানের জন্য ক্যাটারার নিয়োগ করা হবে।

সার্ভিসের বিবরণ	স্থান	সেবার ধরন	সার্ভিসের সময়	যাদেরকে সেবা প্রদান করতে হবে	অভিজ্ঞতা
ক্যাফেটেরিয়াতে খাবার,পানীয় সরবরাহ, গেস্টরুম ম্যানেজমেন্ট	সেন্টারের ২য় এবং তৃতীয় তলা	স্বাস্থ্যসম্মত তাজা রন্ধন কৃত খাবার, চা, কফি, স্ন্যাকস, হালকা পানীয়, ফলের রস, দুধ, স্বল্প মূল্যে Set Lunch ও গেস্টদের চাহিদা মাফিক খাবার সরবরাহ এবং গেস্টরুম ম্যানেজমেন্টের যাবতীয় কাজ ।	ক্যাফেটেরিয়া এবং গেস্টরুম ম্যানেজমেন্ট ২৪ ঘন্টা: সকালের নাস্তা, দুপুরের খাবার, স্ন্যাকস (প্রয়োজনে রাত্রের খাবার)	বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, সেন্টারের গবেষক, বিজ্ঞানী, প্রকৌশলী, কর্মকর্তা কর্মচারী ও অন্যান্য অনুমোদিত অতিথি	হোটেল/মোটেল/ গেস্টরুম ও রেস্টুরেন্ট পরিচালনায় ৩ (তিন) বছরের অভিজ্ঞতা

শর্তাবলীঃ

(ক) ক্যাটারারকে টেন্ডারের সাথে নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবেঃ

(১) হালনাগাদ নবায়নকৃত হোটেল/মোটেল /গেস্টরুম ও রেস্টুরেন্ট পরিচালনা সংশ্লিষ্ট ট্রেড লাইসেন্স।
(২) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট।
(৩) হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট।
(৪) উন্নত মানের হোটেল পরিচালনা/ রেস্টুরেন্ট পরিচালনা সংক্রান্ত কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতার সনদ পত্র। ক্যাটারিং এর শিক্ষাসনদ ও অভিজ্ঞতা আছে এমন ব্যক্তি টেন্ডারে অংশগ্রহন করতে পারবেন।
(৫) অভিজ্ঞ ব্যক্তি/ প্রতিষ্ঠানের ক্ষেত্রে শর্তাবলী শিথিল করা যেতে পারে।

(খ) প্রয়োজনীয় তথ্যাদিঃ

(১) কাজের নাম ও স্থানঃ সেন্টারে অবস্থিত Cafeteria ও গেস্টরুমে লভ্যাংশের ভিত্তিতে Service প্রদান।
(২) দরপত্র সিডিউলের মূল্যঃ (১০০০.০০) টাকা (অফেরৎ যোগ্য)।
(৩) দরপত্র Security money/ Earnest moneyঃ ৬০,০০০.০০ (ষাট হাজার টাকা) সেন্টারের পরিচালকের অনুকূলে Pay Order আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে।
(৪) দরপত্র সিডিউল বিক্রয় বিষয়ে নির্দেশনাঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের Janata Bank এর ক্যাশ শাখায় ৩৬০০০৩৯২ নং একাউন্টে ১০০০ টাকা জমা দিয়ে ২৬.৬.২০১৬ ইং তারিখ হতে তারিখ ৪:৩০ মিনিট পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে দরপত্র সিডিউলের মূল্য পরিশোধের পর রশিদ সংগ্রহ করে কেন্দ্রের সিনিয়র স্টোর অফিসার এর নিকট হতে দরপত্র সিডিউল সংগ্রহ করতে হবে।
(৫) দরপত্র সিডিউল সংগ্রহের শেষ তারিখ ও সময়ঃ ২৬.৬.২০১৬ তারিখ বিকাল ৪.৩০ মিনিট।
(৬) দরপত্র সিডিউল সংগ্রহ ও জমাদানের স্থান এবং ঠিকানা ঃ সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র), (মোকাররম হোসেন বিজ্ঞান ভবন এলাকা) ঢাকা বিশ্ববিদ্যালয়।
(৭) দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৭.৬.২০১৬ দুপুর ১:০০ টা পর্যন্ত।
(৮) দরপত্র খোলার তারিখ ও সময়ঃ২৭.৬.২০১৬ তারিখ বিকাল ৩:০০টা (দরদাতা বা তাদের বৈধ প্রতিনিধি দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন)।
(৯) দরপত্রদাতার যোগ্যতাঃ (অ) হালনাগাদ নবায়নকৃত (হোটেল/মোটেল/গেস্টরুম ও রেস্টুরেন্ট পরিচালনা সংশ্লিষ্ট) ট্রেড লাইসেন্স। (আ) ভ্যাট Registration certificate। (ই) হাল নাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট। (ঈ) হোটেল/মোটেল/গেস্টরুম ও রেস্টুরেন্ট পরিচালনা সংক্রান্ত কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতার সনদ পত্র।
(১০) ক্যাফেটেরিয়া ও গেস্টরুম পরিদর্শনের সময়ঃ অফিস চলাকালীন সময়ে রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০:০০ থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।
(১১) Service শুরু করার সময়ঃ কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে।

(১২) বিশেষ শর্তঃ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(গ) অন্যান্য শর্তাবলীঃ

(১) একজন দক্ষ ম্যানেজার নিয়োগ ছাড়া গেষ্টরুম ও ক্যাফেটেরিয়া পরিচালনা করা যাবে না। গেস্টরুম ও ক্যাফেটেরিয়ার ম্যানেজারের বেতন ক্যাটারার নিজ খরচে পরিশোধ করবে।
(২) যৌথ খরচে জনবল কাঠামো ঃ ক্যাশিয়ার-১ জন, কুক-১ জন, সহকারী কুক-১ জন, ওয়েটার -৩ জন, ডিশ ওয়াসার- ৩ জন, হাউজ কিপিং- ২ জন। এছাড়াও কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী জনবল কমাতে বা বাড়াতে পারবেন।
(৩) দরপত্র বিজয়ী ক্যাটারারকে কার্যাদেশ প্রাপ্তির পূর্বে বিশ্ববিদ্যালয়ের সাথে ক্যাফেটেরিয়া পরিচালনার নিয়মাবলী সংক্রান্ত চুক্তিতে উপনীত হতে হবে এবং বাংলাদেশের যে কোন Schedule ব্যাংক হতে Pay Order আকারে সেন্টারের পরিচালকের অনুকূলে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা দিতে হবে। কাজ প্রাপ্তির পর কাজ নিতে অস্বীকার করলে আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হবে।
(৪) গেস্টরুম ও ক্যাফেটেরিয়া পরিচালনার জন্য জনবল কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় জনবলের ২ নং শর্তানুযায়ী বেতন এবং ম্যানেজমেন্ট কমিটির সদস্যদের সম্মানীসহ (ম্যানেজারের বেতন বাদে) যাবতীয় বিল (যেমনঃ বিদ্যুৎ, গ্যাস, ক্যাবল টি.ভি, খবরের কাগজ ও অন্যান্য) পরিশোধ করতে হবে। বৈদ্যুতিক যন্ত্রপাতি, ব্যবহার্য দ্রব্যাদি (যেমন- পানির কল সহ যাবতীয় ফিটিংস, Fan, Light, Air Conditioner, Television, ওয়াটার হিটার, রেফ্রিজারেটর, গেইজার, ফুড ওয়ার্মার, আসবাব পত্র, তৈজস পত্র, ক্লিনিং সরঞ্জাম ইত্যাদি) নষ্ট হলে মেরামত এবং প্রয়োজন বোধে Replace করার জন্য যাবতীয় খরচ গেস্টরুম ও ক্যাফেটেরিয়ার আয় থেকে নির্বাহ করা হবে। সকল খরচ বাদ দিয়ে নীট লাভ হিসাব করতে হবে।
(৫) গেস্টরুমের মাসিক হিসাব একজন দক্ষ হিসাবরক্ষক কে দিয়ে সম্পন্ন করতে হবে এবং তার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই সেন্টারের হিসাব দপ্তরে জমা দিতে হবে।
(৬) গেস্টরুম, ক্যাফেটেরিয়া (সম্পূর্ন ২য় ও ১ম তলা), কিচেন, পূর্ব পার্শ্বের (নীচ থেকে ২য় তলা পর্যন্ত) সিঁড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন ও পরিপাটি রাখার দায়িত্ব ক্যাটারারকে পালন করতে হবে।
(৭) ক্যাটারার সেন্টারের নিকট থেকে তৈজসপত্র সহ ব্যবহার্য সকল দ্রব্যাদি বুঝে নিবে এবং যত্নসহকারে ব্যবহার করবে। অবহেলা জনিত কারণে ভেঙ্গে গেলে / হারিয়ে গেলে গেস্টরুম ম্যানেজমেন্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী একই রকম ও মানের দ্রব্যাদি ক্যাটারার নিজ খরচে পুনঃ স্থাপন করবেন। চুক্তির মেয়াদ শেষে পুনঃনিয়োগ না পেলে এ সকল ব্যবহার্য দ্রব্যাদি সেন্টারকে বুঝিয়ে দিতে হবে।
(৮) খাদ্যদ্রব্য বা অন্য কোন দ্রব্যাদি ক্রয়ের জন্য প্রাথমিক পুঁজি ক্যাটারার বিনিয়োগ করবে। সেন্টার কোন অবস্থাতেই কোন পুঁজি সরবরাহ করবে না। সকল প্রকার খাদ্য উপকরন ক্রয় করে রন্ধনকৃত খাবার ও পানীয় সহ অন্যান্য খাবার গেস্টরুম ও ক্যাফেটেরিয়াতে নির্ধারিত মূল্যে সরবরাহ/ বিক্রয় করার দায়িত্ব ক্যাটারার পালন করবে (১৪ নং দ্রষ্টব্য)।
(৯) গেস্টরুম ও ক্যাফেটেরিয়া পরিচালনার জন্য কেন্দ্রের পরিচালকের সহিত আলোচনা ক্রমে ক্যাটারার প্রয়োজনীয় জনবল নিয়োগ করবে এবং তাঁদের বেতন (ম্যানেজারের বেতন বাদে) ও ভাতাদি গেস্টরুম ও ক্যাফেটেরিয়ার আয় থেকে নির্বাহ করা হবে । বেতন ভাতাদি সহ কোন প্রকার আর্থিক ব্যয়ভার সেন্টার বা বিশ্ববিদ্যালয় বহন করবে না।
(১০) সরবরাহকৃত খাদ্য দ্রব্য স্বাস্থ্য সম্মত ও গুনগতমান বজায় রেখে এবং সেন্টারের সন্তুষ্টিক্রমে সরবরাহ করতে হবে।
(১১) সেন্টারের অনুমোদিত সেবা গ্রহনকারীদের ক্যাটারার স্বল্পমূল্যে (বর্তমানে যে মূল্যে চালু আছে) Set-Lunch সরবরাহ করবে।
(১২) গেস্টরুম ও ক্যাফেটেরিয়ায় কেবল মাত্র কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যক্তিদের সেবা প্রদান করা যাবে। কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া যে কোন ধরনের পার্টি, Banquet বা অনুষ্ঠান ক্যাফেটেরিয়ায় আয়োজন করা যাবে না।
(১৩) গেস্টরুমে কেবলমাত্র বিশ্ববিদ্যায়ের শিক্ষক বা কর্মকর্তা অথবা তাদের রেফারেন্সকৃত ব্যক্তিবর্গ সেন্টারের পূর্ব অনুমতি নিয়ে অবস্থান করতে পারবেন।
(১৪) ক্যাফেটেরিয়া ও গেস্টরুম পরিচালনায় বর্তমানে প্রচলিত নিয়মাবলী অনুসরণ করতে হবে এবং ভবিষ্যতে কোন নতুন নিয়মাবলী তৈরী হলে তা মেনে চলতে ক্যাটারার বাধ্য থাকবে।
(১৫) ক্যাফেটেরিয়া ও গেস্টরুমের সর্ভিসে নিয়োজিত কর্মচারীদের পরিষ্কার-পরিচ্ছন্ন ও স্বাস্থ্য সম্মত ইউনিফর্ম পরিধান করতে হবে। এ বিষয়ে ক্যাটারার ব্যবস্থা গ্রহণ করবে।
(১৬) সেন্টারের ক্যাফেটেরিয়া ও গেস্টরুম ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক সিডিউল "খ" তে বর্ণিত অনুমোদিত মূল্য তালিকা ও নীতিমালা অনুযায়ী ক্যাটারার ক্যাফেটেরিয়াতে ক্যাটারিং সেবা প্রদান করবে। খাবারের মূল্য এবং গেস্টরুমের ভাড়ার হার নির্ধারন এবং পরিবর্তনের ক্ষমতা কেবলমাত্র সেন্টারের "ক্যাফেটেরিয়া ও গেস্টরুম ম্যানেজমেন্ট কমিটি" এর অধীন থাকবে। ক্যাটারার তাদের প্রতিটি কাজ কর্মের জন্য সেন্টারের "ক্যাফেটেরিয়া ও গেস্টরুম ম্যানেজমেন্ট কমিটি" এর নিকট দায়বদ্ধ থাকবে এবং সেন্টারের পরিচালকের মাধ্যমে সকল বিষয়ে নিয়মিত রিপোর্ট প্রদান করবে।
(১৭) গেস্টরুম ও ক্যাফেটেরিয়ার কর্মকর্তা/ কর্মচারী কাজ শেষে সেন্টারে রাত্রীযাপন করতে পারবে না। তবে গেস্টরুমের রাত্রিকালীন দায়িত্ব পালনের জন্য সার্ভিস বয় তার নির্ধারিত কক্ষে অবস্থান করতে পারবে।
(১৮) চুক্তির মেয়াদ কাজ শুরুর তারিখ থেকে পরবর্তী ১ বছরের জন্য বহাল থাকবে।
(১৯) কোন অবস্থাতেই সেন্টার থেকে প্রদত্ত কোন প্রকার সরঞ্জামাদি সেন্টারের বাহিরে নিয়ে যাওয়া যাবে না।
(২০) চুক্তির মেয়াদান্তে একই শর্তে পি. পি. আর. এর বিধান অনুযায়ী সর্বোচ্চ দুই বার (বৎসর ভিত্তিক) চুক্তি নবায়ন করা যাবে।
(২১) ক্যাটারার তিন মাসের নোটিশের মাধ্যমে এই চুক্তির অবসান ঘটাতে পারবে। তবে নতুন ক্যাটারার নিয়োগ না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে যাবেন।

(২২) নীট লাভের ৫০% এর কম সেন্টারকে প্রদানের প্রস্তাব করা হলে দরপত্র অগ্রহনযোগ্য (Non-Responsive) বলে বিবেচিত হবে।

(২৩) যে কোন সময় কোন কারন দর্শানো ছাড়াই চুক্তি বাতিল করার অধিকার সেন্টার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সিডিউল খঃ

খাবারের মেন্যু ও মূল্য তালিকা ঃ

(১) ভাত, সজি, মুরগি (১০০ গ্রাম) ,ডাল, সালাদ – ৳ ৬৫.০০
(২) ভাত, রুইমাছ,(১০০ গ্রাম), সজি, ডাল, সালাদ – ৳ ৭৫.০০
(৩) রুটি (ষ্টান্ডার্ড ৪ পিস), সজি, ডাল, ডিম ভাজি –৳ ৫০.০০
(৪) নুডুলস (২০০ গ্রাম), ডিম ভাজি ,সস, সজি – ৳ ৫০.০০
(৫) ভাত, সজি, ডাল, ডিম ভাজি – ৳ ৫০.০০
(৬) পোলাও , বেগুন ভাজা, মুরগি (১০০ গ্রাম), সালাদ– ৳ ৮৫.০০ (সপ্তাহে ১ দিন)
(৭) খিচুড়ী , মুরগি (১০০ গ্রাম), সালাদ, বেগুন ভাজা – ৳ ৮৫.০০ (সপ্তাহে ১ দিন)
(৮) ভাত, গরুর মাংস বোনলেস (১৪৫ গ্রাম), সালাদ ,সজি, ডাল– ৳ ১০০.০০
(৯) খিচুড়ী , গরুর মাংস বোনলেস (১৪৫ গ্রাম), সালাদ , বেগুন ভাজা – ৳ ১২০.০০
(১০) পোলাও, গরুর মাংস বোনলেস (১৪৫ গ্রাম), সালাদ , বেগুন ভাজা – ৳ ১২০.০০

প্রতিদিন সিডিউল খ এ বর্ণিত (৩) ও (৪) সহ কমপক্ষে খাবারের ৫টি আইটেম থাকতে হবে।

সিডিউল গ ঃ

গেষ্টরুমের ভাড়া ও অন্যান্য আনুষঙ্গিক বিষয় ঃ

(১) সেন্টারে অবস্থিত ছয়টি গেষ্টরুমের প্রতিটিতে অবস্থানরত একজন অতিথির জন্য ভাড়া ৩০ ডলার এবং দুজন অতিথির জন্য কমিটির নির্ধারিত ভাড়া ৪০ ডলার। অতিথি ডলারে বা সমমূল্যের টাকায় ভাড়া পরিশোধ করতে পারেন। বিশ্ববিদ্যালয়ের কাজে আগত অতিথিদের জন্য মাননীয় উপাচার্য বা প্রো-উপাচার্য মহোদয়ের পূর্ব অনুমতিক্রমে বিশেষ হ্রাসকৃত ভাড়ায় অতিথি গেষ্টরুমে অবস্থান করতে পারবেন।
(২) যে কোন সময় প্রয়োজন অনুযায়ী সেন্টারের গেস্টরুমের ভাড়া হ্রাস বা বৃদ্ধি করার সিদ্ধান্ত শুধুমাত্র কর্তৃপক্ষ নিতে পারবে এবং সেই সিদ্ধান্ত মোতাবেক ক্যাটারার গেষ্টরুম পরিচালনা করবে। অতিথিদের তিন তারকা হোটেলের সম পর্যায়ের সুযোগ সুবিধা দিতে হবে।
(৩) গেষ্টরুমের ভাড়ার সাথে ব্রেকফাস্ট সংযুক্ত হওয়ায় বিনামূল্যে ব্রেকফাস্ট পরিবেশন করতে হবে। সকালের নাস্তার জন্য অতিরিক্ত কোন বিল তৈরী করা যাবে না।
(৪) সকালের নাস্তায় "ক্যাফেটেরিয়া ও গেস্টরুম ম্যানেজমেন্ট কমিটি"র সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত মেন্যু অনুসরণ করতে হবেঃ
(ক) দেশী ঃ
রুটি/ পরোটা/ চাপাতি, সজি ভাজি, ডিম, ফল, চা/কফি।
(খ) কন্টিনেন্টালঃ
ব্রেড, বাটার, জ্যাম/জেলী , কর্ণফ্লেক্স ও দুধ, ফল/ফলের রস, ডিম, চা/কফি, ইয়োগার্ট ।

(৫) অতিথির সকালের নাস্তা অতিথির রুচি ও পছন্দ অনুযায়ী যেমনঃ- দেশী মৌসুমী অথবা বিদেশী ফল হতে পারে। ডিম সিদ্ধ বা ভাজা বা পোচ ইত্যাদি পরিবেশন করতে হবে।
(৬) খাবারে ভিন্নতা থাকবে এবং খাবার ফ্রেশ , উন্নত, স্বাস্থ্য ও মানসম্মত হতে হবে।

উপরোক্ত নিয়মাবলী মেনে নীট লাভের শতকরা -------------- ভাগ সেন্টারকে প্রদান করার শর্তে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র) এর ক্যাফেটেরিয়াতে ক্যাটারিং ও গেস্টরুম ম্যানেজমেন্ট সার্ভিস প্রদানের জন্য প্রস্তাব করছি।

দরদাতার পূর্ণ নামঃ ---

ঠিকানাঃ---

ট্রেড লাইসেন্স নং ও সর্বশেষ নবায়নের তারিখঃ ------------------------------------

ভ্যাট রেজিস্ট্রেশন নং--

TIN নম্বর- --

দরদাতার স্বাক্ষর ও সীলমোহর---

Centre for Advanced Research in Sciences,
University of Dhaka, Dhaka- 1000

ক্যাটারার নিয়োগের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস এর ক্যাফেটেরিয়া ও গেষ্টরুম পরিচালনার জন্য আগ্রহী হোটেল/রেস্টুরেন্ট/গেষ্টরুম পরিচালনা সংক্রান্ত ট্রেড লাইসেন্সসহ এ কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন দরদাতাদের নিকট থেকে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ক্যাটারিং এর শিক্ষাসনদ ও অভিজ্ঞতা আছে এমন ব্যক্তি টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন এবং অভিজ্ঞ ব্যক্তি /প্রতিষ্ঠানের ক্ষেত্রে শর্তাবলী শিথিল করা যেতে পারে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য দরপত্র সিডিউলে পাওয়া যাবে। আর্নেষ্ট মানি হিসাবে ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকার পে-অর্ডার সংযুক্ত করে দরপত্রের সংগে জমা দিতে হবে। আগ্রহী দরদাতাগন অফিস সময়ের মধ্যে দরপত্র সিডিউল দেখতে পারবেন। এছাড়া দরপত্র সিডিউল cars.du.ac.bd ওয়েব সাইট এ দেখা যাবে। জনতা ব্যাংক, হিসাব নং-৩৬০০০৩৯২ ঢাকা বিশ্ববিদ্যালয় টি. এস. সি. শাখায় ৳১০০০.০০ (এক হাজার টাকা) (অফেরতযোগ্য) জমা দিয়ে রশিদ সংগ্রহ করে ২৬/০৬/২০১৬ ইং তারিখ পর্যন্ত অফিসচলাকালীন সময়ের মধ্যে দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৭/০৬/২০১৬ ইং দুপুর ১:০০ টা পর্যন্ত এবং এই দিন বিকাল ৩:০০ মিনিটে দরপত্র সমূহ দরদাতা বা তাদের বৈধ প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকে) খোলা হবে। অন-লাইনে ও দরপত্র জমা দেয়া যাবে সেক্ষেত্রে উপরে উল্লেখিত ওয়েব সাইট থেকে দরপত্র সিডিউল download করত যথাযথ ভাবে পূরন করে অফেরতযোগ্য ১,০০০.০০ (এক হাজার) টাকা জনতা ব্যাংকের ৩৬০০০৩৯২ হিসাব নম্বরে জমা দিয়ে জমার রশিদ, পূরনকৃত দরপত্র সিডিউল, ৬০,০০০ টাকার পে-অর্ডার এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র Scan করে On-Line এ সর্বশেষ তারিখ ২৭/০৬/২০১৬ ইং তারিখ দুপুর ১:০০ টার মধ্যে coe@du.ac.bd ঠিকানায় পাঠাতে হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে মূল কপি ৩০/০৬/২০১৬ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে পরিচালকের অফিসে জমা দিতে হবে। কোন কারন দর্শানো ছাড়াই যেকোন টেন্ডার/এর অংশ বিশেষ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।

পরিচালক